# গোপালগঞ্জে এনসিপি নেতাদের গাড়িবহরে হামলায় গভীর উদ্বেগ বিএনপি মহাসচিবের



বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম: সংগৃহীত ছবি

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) আয়োজিত "মার্চ টু গোপালগঞ্জ" কর্মসূচি শেষে ফেরার পথে কেন্দ্রীয় নেতাদের গাড়িবহরে অতর্কিত হামলার ঘটনায় গভীর উদ্বেগ ও নিন্দা জানিয়েছে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)।

বুধবার (১৬ জুলাই) এক বিবৃতিতে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর এই হামলাকে "ন্যাক্কারজনক ও পরিকল্পিত" বলে আখ্যায়িত করেন।

বিবৃতিতে তিনি বলেন,

"ছাত্র-জনতার আন্দোলনের মুখে স্বৈরাচারী আওয়ামী শাসকগোষ্ঠী পতনের ভয়ে নৈরাজ্য সৃষ্টির অপচেষ্টায় লিপ্ত হয়েছে। গোপালগঞ্জে পূর্বঘোষিত শান্তিপূর্ণ কর্মসূচিতে হামলা, ককটেল বিস্ফোরণ, ইউএনও ও আইনশৃঙ্খলা বাহিনীর গাড়িতে অগ্নিসংযোগ এবং পুলিশ সদস্যদের আহত করার ঘটনা সেই অপতৎপরতারই প্রতিচ্ছবি।"

তিনি আরও বলেন,"দেশে আইনশৃঙ্খলার চরম অবনতি ঘটেছে। আওয়ামী দোসররা এখন মরণকামড় দিয়ে অন্তর্বর্তীকালীন সরকারকে বেকায়দায় ফেলতে মরিয়া চেষ্টা চালাচ্ছে। দেশে অরাজকতা সৃষ্টির জন্য এক শ্রেণির দুস্কৃতিকারী সক্রিয় হয়ে উঠেছে। তাদের কঠোরভাবে দমন করা ছাড়া আর কোনো পথ নেই।"

বিএনপি মহাসচিব সবাইকে গণতন্ত্র ও ভোটাধিকারের পক্ষে ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানিয়ে বলেন,

"দল-মত নির্বিশেষে সকল শ্রেণি-পেশার মানুষকে একতাবদ্ধ হয়ে আবারও ফ্যাসিবাদের উত্থান রুখে দাঁড়াতে হবে, নইলে স্বাধীনতা-সার্বভৌমত্ব হুমকির মুখে পড়বে।"

বিবৃতির শেষভাগে মির্জা ফখরুল ইসলাম আলমগীর হামলাকারীদের অবিলম্বে গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান, একইসঙ্গে আহত পুলিশ সদস্যদের দ্রুত সুস্থতা কামনা করেন তিনি

LENS ASIA